

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০৮৩.১৮- ৩৬৬

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৫
০২ জুলাই ২০১৮


বিষয় : রিট পিটিশন নং-৪২৫৯/২০১৮ [পিটিশনার জনাব মোঃ আব্দুল হাকিম, পিতা-মৃত হাসান আলী, গ্রাম-
ছৈলাখেল ইসলামপুর, থানা- গোয়াইনহাট, জেলা-সিলেট] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২৭/০৫/২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের
১২/০৪/২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার গোয়াইনহাট উপজেলাধীন মৌজা-ছৈলাখেল ৫ম খন্ড, দাগ নং-৭২, খতিয়ান নং-০১, পরিমাণ- ১ একর ৪৩ শতক জমি “অকৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত আইন, ১৯৯৫ অনুযায়ী” তফসিল ভুক্ত ভূমিতে স্থায়ীভাবে বন্দোবস্ত পাওয়ার বিষয়ে জনাব মোঃ আব্দুল হাকিম পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৪২৫৯/২০১৮ নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ইংরেজীতে (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি-১(এক) ফর্দ।


০২.৭.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপ-সচিব

ফোন: ৯৫৪০১৯৭

ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
সিলেট।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ;
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি/মাষ্টার কপি।